**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জেল সুপার
খুলনা জেলা কারাগার

ও

কারা উপ-মহাপরিদর্শক
খুলনা বিভাগ
সদর দপ্তর, যশোর
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

চুক্তির মেয়াদকাল : ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ খ্রি.

# সূচিপত্র


| বিষয় | | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র- | | | |
| প্রস্তাবনা | | | |
| কর্মসম্পাদন পরিকল্পনা | | | |
| সেকশন-১ | : | রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ ও কার্যাবলি | |
| সেকশন-২ | : | বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব | |
| সেকশন-৩ | : | কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১ | : | শব্দসংক্ষেপ | |
| সংযোজনী ২ | : | কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | |
| সংযোজনী ৩ | : | অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | |

## প্রস্তাবনা

খুলনা জেলা কারাগারের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, কারা নিরাপত্তা জোরদার, বন্দি সেবার মান বৃদ্ধি , সেবা প্রত্যাশী জনগণের নিকট সেবা নিশ্চিতকরণ, দাপ্তরিক কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন প্রতিষ্ঠা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেল সুপার
খুলনা জেলা কারাগার

এবং

কারা উপ-মহাপরিদর্শক
খুলনা বিভাগ, সদর দপ্তর, যশোর
এর মধ্যে

অদ্য ২৬ জুন, ২০২৪ তারিখ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা)

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিগত তিনটি অর্থ বছরে খুলনা কারাগারে বিভিন্ন কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় মোট ৫২৪ জন কারাবন্দিকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইনোভেশন কার্যক্রম হিসেবে কারা বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমা প্রদানের সুবিধা বৃদ্ধির লক্ষে বিভিন্ন পেমেন্ট গেটওয়ে তথা মোবাইল ব্যাংকিং (যেমন: বিকাশ, রকেট ও নগদ এ্যাপস ) এর মাধ্যমে টাকা জমা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। কারাগারে আটক মাদকাসক্ত ২০৫ জন বন্দিকে উইথড্রয়াল চিকিৎসা সেবা ও ক্রাইসিস ম্যানেজমেন্ট (Drug Withdrawal Related Treatment and Crisis Management) প্রদান করা হয়েছে এবং কারাভ্যন্তরে মাদকাসক্ত বন্দিদের বিশেষ নিরাপত্তা বিধানের জন্য আলাদা ওয়ার্ড চালু করা হয়েছে। বন্দিদের মোটিভেশন বিশেষ কার্যক্রমের আওতায় (স্থানীয় ব্যবস্থাপনায়) কারাগারে নিয়মিত কাউন্সেলিং কার্যক্রম চালু করা হয়েছে। কারাবন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়োত্তর লভ্যাংশের ৫০% অর্থ বন্দিদের প্রদান করা হচ্ছে। এ ব্যবস্থায় খুলনা জেলা কারাগারে বর্তমান উপকারভোগীর বন্দির সংখ্যা ৫২৪ জন। বন্দিরা সপ্তাহে ০১ দিন নিয়মিত ১০ মিনিট করে তাদের আত্মীয়-স্বজনের সাথে সরকারি মোবাইল ফোনে কথা বলার সুযোগ পাচ্ছে এবং ১৫ দিন অন্তর বিচারাধীন বন্দিরা তাদের আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের সুযোগ পাচ্ছেন। কারাগারে মায়ের সঙ্গে থাকা শিশুদের জন্য ডে-কেয়ার সুবিধা চালু করা হয়েছে। কারাগারের নিরাপত্তায় সিসি ক্যামেরা মনিটরিং ও আর্চওয়ে মেটাল ডিটেক্টর ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ৯৫% কাজ চলতি অর্থ বছরে সম্পন্ন হয়েছে। আশা করা যায় এ প্রকল্প সফলভাবে সমাপ্ত হলে কারাগারের ধারণ ক্ষমতা আশানুরূপ বৃদ্ধি পাবে এবং বন্দিদের কারাবিধি মোতাবেক সকল সুযোগ সুবিধা নিশ্চিত করা সম্ভব হবে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

**সমস্যা:** বিদ্যমান খুলনা জেলা কারাগার ১৯১০ খ্রিস্টাব্দে ৫.৩১ একর জমির উপরে নির্মিত। কারাভ্যন্তরে জমির পরিমান ৩.৬৮ একর এবং পেরিমিটার ওয়ালের বাইরে জমির পরিমান ১.৬৩ একর। বর্তমান কারাগারের বন্দি ধারণ ক্ষমতা ৬78 জন। কারাগারে অবস্থানকারী বন্দির গড় সংখ্যা ১২০০ জন। খুলনা জেলা কারাগারে বিদ্যমান অবকাঠামোতে কারা কর্মকর্তা-কর্মচারীদের মানসম্মত আবাসনের সংকট রয়েছে। নবনির্মিত কারাগারে বন্দি এবং জনবল স্থানান্তরিত হলে এ সংকট দূরীভূত হবে।

**চ্যালেঞ্জসমূহ**: অপ্রতুল জনবল ও সীমিত লজিস্টিক সাপোর্টের মাধ্যমে কারাগারের সার্বিক নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং সুচারুরূপে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, বন্দি সেবার মান বজায় রাখা, সেবা প্রত্যাশী জনগণের নিকট প্রত্যাশিত সেবা পৌঁছে দেয়া ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বজায় রাখা খুলনা জেলা কারাগারের জন্য অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যত পরিকল্পনা:**

১। কারাগারের সার্বিক নিরাপত্তা বিধান ও বন্দির স্বাস্থ্যসেবা নিশ্চিত করা;

২। বন্দি সেবার মান বজায় রাখা ও কারা কর্মচারীদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা;

৩। মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা ও তাদের মানসিক বিষন্নতা দূরীকরণে কার্যক্রম গ্রহণ করা;

৪। বিভিন্ন ট্রেডে কারাবন্দিদের প্রশিক্ষণ প্রদান ও ট্রেড সংখ্যা বৃদ্ধি করা;

৫। কারা বন্দিদের দ্বারা পণ্য উৎপাদন বৃদ্ধি করে উৎপাদিত পণ্যের বিক্রয়োত্তর লভ্যাংশের ৫০% অর্থ বন্দিদের প্রদান নিশ্চিত করা;

৬। কারা নিরাপত্তার আধুনিকায়নের মাধ্যমে কারাগারের নিরাপত্তা নিশ্চিত করা;

৭। পিআইডিএস (PIDS) কার্যক্রম তথা বন্দিদের ডাটাবেজ সঠিকভাবে সংরক্ষণ করা;

৮। কারা কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আধুনিক ও জনবান্ধব কারা ব্যবস্থাপনা গড়ে তোলা;

**২০২৪-২৫ অর্থ বছরে সম্ভাব্য প্রধান লক্ষসমূহ :**

১। কারাগারের সার্বিক নিরাপত্তা ও বন্দির শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;

২। বন্দি সেবার মান ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা;

৩। মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা ও তাদের মানসিক বিষন্নতা দূরীকরণে কার্যক্রম গ্রহণ করা;

৪। বিভিন্ন ট্রেডে কারাবন্দিদের প্রশিক্ষণে আগ্রহী করা ও প্রশিক্ষণ ট্রেড সংখ্যা বৃদ্ধি করা;

৫। কারা বন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% লভ্যাংশ কারাবন্দিদের প্রদান নিশ্চিত করা;

## সেকশন-১

(রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি)

**১.১ রূপকল্প :**

'রাখিব নিরাপদ, দেখাব আলোর পথ'।

**১.২ অভিলক্ষ্য :**

বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ, কারাগারে কঠোর নিরাপত্তা ও শৃংখলা বজায় রাখা, বন্দিদের সাথে মানবিক আচরণ করা, তাদের বিধি মোতাবেক যথাযথ বাসস্থান, খাদ্য, চিকিৎসা ও আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবীর সাথে সাক্ষাতের সুযোগ দান এবং সুনাগরিক হিসেবে সমাজে পুনর্বাসনের লক্ষ্যে মোটিভেশন ও উপর্যুক্ত প্রশিক্ষণ প্রদান।

**১.৩ কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ :**

১। কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা;

২। কারাগারের নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা;

৩। কারা কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সমস্যা দূরীকরণ;

৪। অসহায় কারাবন্দিদের বিনামূল্যে আইনগত সহায়তা প্রদান;

**১.৪ কার্যাবলী :**

১। বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরা ও কারাগারে শৃংখলা বজায় রাখা ;

২। বন্দিদের স্বাস্থ্যসম্মত আবাসন, পুষ্টি, স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিত করা ;

৩। বন্দিদের আইনগত সহায়তা প্রদানের ব্যবস্থা করা;

৪। বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা;

৫। বন্দিদের সমাজে পূর্নবাসনের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা;

৬। মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা সেবা নিশ্চিত করা;

সেকশন-২

## খুলনা জেলা কারাগারের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | অধিদপ্তরের নির্ধারিত প্রভাব অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৪-২৫ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| (১) কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | (১.১) উৎপাদিত পণ্যের বিপরীতে প্রদানকৃত লভ্যাংশ | সংখ্যা (বন্দি) | ৩২৪ | ৫০০ | ৬০০ | ৬৫০ | ৭০০ | কারা অধিদপ্তর | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা ও অষ্টম পঞ্চ বার্ষিক পরিকল্পনা |
| (২) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা | (২.১) কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ এর জন্য আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সংখ্যা | ০৩ | ০৪ | ০৫ | ০৭ | ০৭ | কারা অধিদপ্তর | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপন ২০২৪-২৫ | প্রক্ষেপন ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **কারা বিভাগের কার্যক্রম** | | | | | | | | | | | | | | | |
| (১) কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | ৩২ | (১.১) কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | (১.১.১) কারাবন্দিদের জন্য পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম কারাগারে সম্প্রসারণ | সংখ্যা (প্রশিক্ষণ) | সংখ্যা (বন্দি) | ০৮ | ০৭ | ০৭ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | -- | ১০ | ১২ |
| | | (১.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.২.১) কারাগারে মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | সভা | সংখ্যা | ০৮ | ১৫০ | ১৮০ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ২২০ | ২৪০ |
| | | | (১.২.২) কারাগারে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা | ০৮ | ০১ | ০২ | ০৫ | ০৪ | ০৩ | -- | -- | ০৪ | ০৬ |
| | | (১.৩) উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে প্রদান | (১.৩.১) লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা | ০৮ | ১৫০ | ৩২৪ | ৩৭০ | ৩৬০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩৮০ | ৪০০ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (২) কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | ১০ | (২.১) আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | (২.১.২) খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প | ক্রমপুঞ্জিত | শতকরা | ১০ | ৮০ | ৮৬ | ৯৫ | ৮৯ | ৮৮ | ৮৭ | ৮৬ | ১০০ | -- |
| (৩) কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান | ১৮ | (৩.১) কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | (৩.১.১) দীর্ঘদিন বিনা বিচারে আটক বন্দিদের তালিকা সংশ্লিস্ট আদালতে প্রেরণ করা | সমষ্টি | সংখ্যা | ০৮ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | ০৯ | -- | ১২ | ১২ |
| | | | (৩.১.২ ) মাঠ পর্যায়ে অভিযোগ সরাসরি নিস্পত্তির লক্ষ্যে গণশুনানির আয়োজন করা | সমষ্টি | সংখ্যা (সভা) | ১০ | -- | -- | ১২ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ২৪ | ২৪ |
| (৪) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা | ১০ | (৪.১) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করা | (৪.১.১) কারাগারে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ০৩ | ০৪ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৮ | ১২ |
| | | | (৪.১.২) কারা বন্দিদের জন্য গণশিক্ষা ও ধর্মীয় শিক্ষার আয়োজন করা | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ০৫ | ৮০ | ১০০ | ১৩০ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ১৫০ | ২০০ |

**সংযোজনী-১**

**শব্দসংক্ষেপ (Acronyms) :**

| ক্রমিক | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্ল্যান |
| ২ | পিসি | প্রিজনার’স ক্যাশ |

**সংযোজনী-২**

**কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক**

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| (১) কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | (১.১) কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন | (১.১.১) বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ এবং লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| | (১.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.২.১) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| (২) কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | (২.১) কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | (২.১.২) খুলনা জেলা কারাগার নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |

## সংযোজনী-৩

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| (১)<br>মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.১.১)<br>কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | কারাগার, গণপূর্ত অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | কারাগার, গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস এবং প্রয়োজনীয় চিকিৎসক পদায়নের জন্য স্বাস্থ্য অধিদপ্তর এবং কাউন্সেলিংয়ের জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপর নির্ভর করতে হয়। |
| (২)<br>কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | (২.১.২)<br>খুলনা জেলা কারাগার নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে। |

# অঙ্গীকারনামা

আমি মোহাম্মদ রফিকুল কাদের, জেল সুপার, খুলনা জেলা কারাগার, কারা উপ-মহাপরিদর্শক, খুলনা বিভাগ, সদর দপ্তর, যশোর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি অসীম কান্ত পাল, কারা উপ-মহাপরিদর্শক, খুলনা বিভাগ, সদর দপ্তর, যশোর, অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

--------------------------

তারিখ

------------------------

**মোহাম্মদ রফিকুল কাদের**
জেল সুপার
খুলনা জেলা কারাগার

---------------------------

তারিখ

-------------------------

**অসীম কান্ত পাল**
কারা উপ-মহাপরিদর্শক
খুলনা বিভাগ
সদর দপ্তর, যশোর